# আরশিতে তুমি

সঞ্জয় মুখার্জ্জী

জলছবি প্রকাশন

# আরশিতে তুমি

**সঞ্জয় মুখার্জ্জী**

**প্রথম প্রকাশ**
একুশে বইমেলা, ২০২০

**গ্রন্থস্বত্ব**
লেখক

**প্রকাশক**
একেএম নাসিরউদ্দিন আহমেদ
জলছবি প্রকাশন
৪৩/৯/৪, শ্যামলী হাউজিং (তৃতীয় তলা)
সড়ক নং ৬, ব্লক-বি, শেখেরটেক
আদাবর, ঢাকা-১২০৭

Email : jalchhabi2015@gmail.com

**প্রচ্ছদ**
অনিন্দ্য হাসান

**ISBN : 978-984-94525-5-3**

মূল্য ২০০ টাকা

**পরিবেশক**

**ম্যাগনাম ওপাস**
১১২, আজিজ সুপারো মার্কেট (বেজমেন্ট)
ঢাকা-১০০০

**অনলাইন পরিবেশক**

**facebook.com/JalchobiProkashon**
ফোন : ০১৮১৭১২৭৮০৭

---

***Copyright @ Author***
**Aarshitey Tumi** by **Sanjoy Mukherjee**
Published by AKM Nasir Uddin Ahmed, Jalchhabi Prokashon, Dhaka.
Published in Ekushye Boimela 2020

**Price Taka 200, US $ 6**

# উৎসর্গ

'তুমি'
কাব্য লেখার প্রেরণা

**লেখকের প্রকাশিত আরও কয়েকটি বই**

- ছন্দে লিখি বানান শিখি (বানান শিক্ষামূলক)-২০২০ একুশে বইমেলা
- অপরাজিতার আকাশ (উপন্যাস)-২০২০ একুশে বইমেলা
- গল্পগুলো ফাগুন হাওয়ার (গল্পগ্রন্থ)- ২০১৯ একুশে বইমেলা
- মনভূমির বসন্তে এসো (কাব্যগ্রন্থ) -২০১৯ একুশে বইমেলা
- ডাবলু মামার ভূত কাহিনী (শিশু-কিশোর গল্পগ্রন্থ)-২০১৮ একুশে বইমেলা
- ইচ্ছেডানায় উড়তে মানা (শিশু-কিশোর গল্পগ্রন্থ)-২০১৮ একুশে বইমেলা
- কবিতা-সম্মিলিত-২০০১ একুশে বইমেলা
- অধরার কাব্য-২০১৫ একুশে বইমেলা
- আরও একটু দূরে কোথাও-২০১৬ একুশে বইমেলা
- আগুন ঝরা বর্ণমালা-২০১৬ একুশে বইমেলা
- কল্পকথার গল্পবলা (শিশুতোষ ছড়াগ্রন্থ)-২০১৭ বইমেলা

**উন্নয়ন শিখন-প্রকাশনা**

- স্বাস্থ্যবিধির ছড়া
- বর্ণমালায় আর্সেনিক
- নামতা পাঠে আর্সেনিক
- আর্সেনিকের জারি গান
- রাজকন্যা ও যাদুর বাক্স-সম্পাদনা

Contact : sanjoymukherjee1967@gmail.com

# সূচিপত্র


যতটা আকাশ দেখা যায় ৭
একটা দিন ৮
ফিরে গেছে চৈতালি দিন ৯
তবু ফিরে যাই ১০
হিম হিম গুলমার্গ ১১
হেমন্তী দিন ১২
সময় হলো তার ১৩
আরও কত সময় ১৪
বহু দিন পর ১৫
অপেক্ষা তবুও ১৬
আমার হয়েই থেকো ১৭
তবুও বলিনি তাকে ১৮
অভিমানী চাঁদমুখ ১৯
আকাশ নদীর কাব্য ২০
ওদের গল্পগাথা ২১
অপরাজিতা ২২
ভালোবাসার এপিঠ-ওপিঠ ২৩
যদি কখনও আবার ২৫
রহস্যময় সংখ্যাতত্ত্ব ২৬
চলুক এ পথচলা ২৭
বুকের ভিতর ইচ্ছে যত ২৮
তোমার সারাদিন ৩০
বইছে সময় অন্য ধারায় ৩১
পাইনি খুঁজে তোমায় ৩২
প্রশ্ন করি যদি ৩৩
এই তুমি আর ৩৪
তুমি না চাইলে ৩৫
ব্যস্ততাহীন জীবন ৩৬
ভালোবাসি তোকেই ৩৭
একা নও! কখনোই ৩৮
নীল খামের চিঠি ৩৯
ফেরারি বিকেল ৪১
বিনিসুতোর টান ৪২

৪৪ ভুলে যেতে চাইছি
৪৫ ছুটির দিনের গল্প
৪৭ কার চোখে নদী
৪৮ থাকুক একলা আকাশ
৪৯ নস্টালজিক প্রহর
৫১ মন খারাপের দিনগুলো
৫২ অচেনা মায়াবতী
৫৩ পেরিয়ে মেঘলা দুপুর
৫৪ তোর কাছে যাবই
৫৬ অভিমানী মেঘ
৫৭ মুখোমুখি সময়
৫৮ বইমেলার ভিড়ে
৫৯ ভালোবাসতে শেখো
৬০ আজ বসন্ত
৬১ তুমি ছিলে না
৬২ কবিতা প্রহর
৬৩ শেষরাতের কাব্য
৬৪ এই বেশ ভালো আছি
৬৫ অনন্ত শূন্যতা
৬৬ নাগরিক ব্যস্ততা
৬৭ তোমারই মতো
৬৮ জীবনের হিসেব
৬৯ একটা নদী
৭০ ইচ্ছেগুলো লুকিয়ে কেন
৭১ নীরবতা
৭২ দেখা হয়েছিল
৭৩ তোর জন্য রোজ
৭৫ সত্যি কি তুই
৭৬ যদি তোর কাছে
৭৭ এবার যখন আসবি
৭৮ আমার কথা ভাবিস না তুই
৭৯ বসন্ত দিন
৮০ এখনও অপেক্ষায় থাকি

## যতটা আকাশ দেখা যায়

জানালা দিয়ে যতটা আকাশ দেখা যায়
ঠিক ততটা জুড়েই ছড়িয়ে আছ তুমি;
দুচোখের সীমানায় যতটা দূর দৃষ্টি যায়
ঠিক ততটা জুড়েই দাঁড়িয়ে আছ তুমি;
এই শারদ মেঘের অকাল-শ্রাবণ ঘিরে
আশ্বিনের শেষ বিকেলের আলোয়
পাতলা মিহিন বৃষ্টি ছুঁয়ে বন্ধ চোখের পাতায়
এক পরম স্নিগ্ধতা নিয়ে
জড়িয়ে আছ তুমি।

যতটা আকাশ দেখা যায় দখিনের জানালায়
ঠিক ততটা জায়গা নিয়েছ তুমি এই হৃদয়ের;
অনুভবে যতটা কাছে আসলে স্পর্শেরও অধিক
ঠিক ততটাই পেতেছ আসন এই বুকের মাঝে...
হেমন্তের সোনাঝরা দিনের উষ্ণতা পেরিয়ে
কুয়াশার হিমেল হিমেল সুখ ছাড়িয়ে
অহনার অনন্য আভায়
বসন্তের বাহারি বাতায়নে
সাতরঙী কাব্য হয়ে
মন জুড়ে আছ তুমি।

*০৫ অক্টোবর, ২০১৯*
*কলকাতা*

## একটা দিন

আমাদের আজকের দিনটা
একদম অন্যরকম হতে পারত
সুন্দর সকালটাকে আনন্দে কাটাতে পারতাম
মন ভেজাতে পারতাম পথের দুপাশে;
উপচে-পড়া অনন্য সবুজে
পাখির ডানায় ভাসতে পারতাম
দিগন্তছোঁয়া স্বপ্নের কাছাকাছি,
দুরন্ত দুপুরের দীপ্ততায় করতে পারতাম
সম্মোহনী যুগল রৌদ্রস্নান।
শুধু শেষ বিকেলের আলোয়
এক চেনা তুমির সাথে
কিছুক্ষণ আগের অচেনা তুমিকে
ভুলতে পারছি না–
মিলাতে পারছি না–
কিছুতেই না...
এ কেমন প্রস্তুতিহীন যুগলযাত্রা আমাদের?

আমাদের আজকের দিনটা
সত্যিই একদম অন্যরকম হতে পারত...

*০৮ ডিসেম্বর, ২০১৮*
*গাজীপুর*

## ফিরে গেছে চৈতালি দিন

বেলা শেষে সুদীর্ঘ ছায়ার বিশ্বাসে
পথ চেয়ে ক্ষয়ে গেছে দৃষ্টি কত
অনাগত স্বপ্নের অভিলাষে সাজিয়েছি
সাতরঙী মেঘের পাহাড় হৃদয়ের আকাশ জুড়ে;
তবুও আসোনি তুমি!
কেন জানি আমার কবিতায় প্রেম আসে না কখনও–
লিখিনি কোনোদিন ভালোবাসার কথা... কবিতায়।

কত-শত অভিমান মুখোমুখি অপলক
অগুনতি সন্ধ্যার কথামালা যত
নেই মনে! ধুয়ে গেছে লোনাজলে অবিরল।
ছেপেছে দুকূল যেন হৃদয়ের নদী
সুখ তার গেছে ছুঁয়ে দিগন্তে আবার
ফিরে তুমি আসোনি তবুও...
আমার কবিতায় প্রেম? কখনও আসে না
লিখিনি কবিতায় ভালোবাসার কথা কোনোদিনও।

ফিরে গেছে চৈতালি দিন মনভূমি ছুঁয়ে
বেজেছে সুর তার অহর্নিশ ঝরা পাতায়
হয়েছে বিবর্ণ সব, ছিল যত সবুজ, মনের।
আমার কবিতায় প্রেম আসেনি কখনোই
ভালোবাসার কথা? লিখিনি কোনোদিন... কবিতায়।

*১২/১২/১৮*
*ঢাকা*

## তবু ফিরে যাই

ফিরে যাই আপন ঠিকানায়
শোনো নয়নাভিরাম কাশ্মীর!
রেখে যাই মুগ্ধতা অপার
ভূ-স্বর্গের নিটোল সৌন্দর্যের নীলিমায়...
চোখের পাতায় ছবির মত হিম-হিম পহেলগাম
বৈসারণ অভিযাত্রায় ঝুঁকিপূর্ণ অশ্বারোহণ;
তুষার ঢাকা শুভ্রতায় গুলমার্গ
আকাশছোঁয়া পাইন বনের রাজত্ব;
রোদ্দুর ঝলমল বরফমোড়া দীপ্ত শোনমার্গ
তুষার রাজ্য জুড়ে বরফগলা নদীর সাথে
মোহময়ী ডাল-লেকের মায়াবী সন্ধ্যা...

শুধু পিছনে পড়ে থাকে
হিমশীর্ণা ঝিলম্-সিন্ধুর কলতান
ওম পাওয়া সোনা-রোদ্দুরের জোড়া শালিক
আপেল শাখায় নাইটেংগেল দম্পতির ফিসফাস
নেকাব বন্দী অপরূপা
কাশ্মীরী তরুণীর অনুসন্ধানী দৃষ্টি আর−
শীতে বিবর্ণ ম্যাপল পাতার বিষণ্নতা
তবুও ফিরে যাই কৃষ্ণকলি চোখের মায়ায়...

*নভেম্বর ২১, ২০১৮*
*শোনমার্গ, কাশ্মীর*

## হিম হিম গুলমার্গ

দুচোখ জুড়ে শুভ্রসাদা তুষার চারপাশে
পেঁজা তুলোর মত ঝরছে অবিরাম!
বেলা শেষের হিসেব-নিকেশে
রাতের প্রথম প্রহরেই
হিমাঙ্কের নিচে তাপমাত্রায় শীতে জবুথবু
গুটিকয়েক হোমোসেপিয়েন্স-এর
অফ-সিজন তুষারযাত্রায় সঙ্গী একফালি চাঁদ;
জানালার ওপাশে দীর্ঘ পাইনের সারি–
তুষার শুভ্র পোশাকে যেন শবযাত্রার মিছিল!
তবুও রুপোলি চাঁদের আবছা আলোয়
ঝিকমিকিয়ে ওঠে তুষারকণা
রাতভরে স্বপ্ন ঝরায় টুপটাপ সুরে
আকাশ ছোঁয়া পাইনের অবয়ব!
আর জানালার এপাশে–
স্বয়ংক্রিয় তাপানুকুল পরিষেবায়
সেলফোনের কী-বোর্ড জুড়ে কাব্যের দ্যোতনায়
কল্পনার সীমারেখায় ধরা দেয় চাঁদমুখ তোমার
সাথে এক অপলক মুগ্ধতায় যুক্ত হয়
আকাশ ছোঁয়া পাইনের স্বপ্ন তোমার চোখের পাতায়
রাতের হিম হিম গুলমার্গ শহর জুড়ে...নয়নাভিরাম।

*গুলমার্গ, কাশ্মীর*
*১৯ নভেম্বর, ২০১৮*

## হেমন্তী দিন

একটা হেমন্তী দিন
কেটে যাবে সোনাঝরা রোদ্দুরে
জানালার বাইরে
জোড়া শালিকের শুভদৃষ্টি
আগাম বার্তা দেবে নবান্ন উৎসবের...
জমে থাকা ইচ্ছের পূর্ণতা আর
সুন্দরের আয়োজনে টিকে থাকবে
একসাথে পথচলার অভিপ্রায়;
শহর ছেড়ে দূরে
রকমারি সবুজের ভিড়ে
কাটবে সময় অনন্ত;
শান্ত দিঘির জলছবিতে
পাশাপাশি নিজেদের নতুন করে দেখার
চমৎকার ভাবনারা হবে প্রাণবন্ত।

বহুদিন পর
কার্ত্তিকের এক পড়ন্ত বেলায়
কোনো এক সোনাঝরা দিনের শেষে
তোমার সাথে মুখোমুখি বসবে বলে
দিন কাটে স্বর্ণালি অপেক্ষাগুলোর।

তুমি আসছ তো?

*১০/১১/১৯*
*ঢাকা*